দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 4 1999
পৃষ্ঠা 2 কলাম ৩ ...

139

# ঠিক সময়ে স্কুলের বই প্রকাশ ও বিতরণ দাবি করেছে ছাত্র ইউনিয়ন

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঢাকা মহানগর কমিটির সভাপতি রুস্তম আলী খোকন, সাধারণ সম্পাদক হাফিজ আদনান রিয়াদ এক যুক্ত বিবৃতিতে যথাসময়ে মাধ্যমিক ও প্রাথমিক স্কুলের বই প্রকাশ ও বিতরণের জন্য সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের নিকট জোর দাবি জানিয়েছেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, সরকার বছরের প্রথম মাসে ছাত্রছাত্রীদের নিকট বই পৌঁছানোর ঘোষণা দিলেও পাঠ্যপুস্তক ছাপানোর প্রক্রিয়ায় জটিলতা ও দুর্নীতির জন্য যথাসময়ে ছাত্রছাত্রীদের হাতে বই পৌঁছানো অনিশ্চিত হয়ে পড়েছে। বই প্রকাশে দেরি হওয়ার ফলে প্রতিবছরের ন্যায় এবছর কালোবাজারে বই বিক্রির পাঁয়তারা চলছে। নেতৃবৃন্দ অবিলম্বে যথাসময়ে বই প্রকাশ ও যথাযথভাবে বন্টনের দাবি জানিয়ে বলেন, অন্যথায় ছাত্র ইউনিয়ন ছাত্রসমাজকে নিয়ে ছাত্র আন্দোলন গড়ে তুলবে।